

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪।

নং-১০.০০.০০০০.১২৮.০১২.০১.২০১৭-২৯৫

তারিখ : ০২-০৭-২০১৯খ্রিঃ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত আদালতে কর্মরত নাজির/হিসাব রক্ষক/রেকর্ড কীপার/স্টেনোগ্রাফারগণকে দ্বিতীয় শ্রেণীর গেজেটেড পদ মর্যাদায় “প্রশাসনিক কর্মকর্তা” পদে পদোন্নতি প্রদান করা হলো এবং তাঁদের নামের পার্শ্বে বর্ণিত আদালতে ১৬,০০০-৩৮,৬৪০/- টাকা (জাতীয় বেতন স্কেল, ২০১৫) স্কেলে নিম্নোল্লিখিত শর্তে শিক্ষানবিস হিসেবে অস্থায়ী ভিত্তিতে পদায়ন করা হলো।

নাজির/হিসাব রক্ষক/রেকর্ড কীপার গ্রুপঃ

ক্রঃ নং	নাম, পদবী ও কর্মস্থল	পদোন্নতি মূলে বদলীকৃত কর্মস্থল
০১।	জনাব মোহাঃ রেজাউল হক, রেকর্ড কীপার, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, মেহেরপুর।	প্রশাসনিক কর্মকর্তা চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, নড়াইল।
০২।	জনাব মোঃ আবু হাসান, নাজির, চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, রাজশাহী।	প্রশাসনিক কর্মকর্তা চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, লালমনিরহাট।
০৩।	জনাব মোঃ গোলাম মোস্তফা, হিসাব রক্ষক চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, নওগাঁ।	প্রশাসনিক কর্মকর্তা চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, গাইবান্ধা।
০৪।	জনাব এ, জেড, এম, নাজমুল আহসান, নাজির চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, কুড়িগ্রাম।	প্রশাসনিক কর্মকর্তা চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, ফেনী।
০৫।	জনাব মোঃ জাহাঙ্গীর রিয়াজ, রেকর্ড কীপার চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, ময়মনসিংহ।	প্রশাসনিক কর্মকর্তা চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, নেত্রকোনা।

স্টেনোগ্রাফার গ্রুপঃ

ক্রঃ নং	নাম, পদবী ও কর্মস্থল	পদোন্নতি মূলে বদলীকৃত কর্মস্থল
০১।	জনাব মোঃ নুরে আলম, স্টেনোগ্রাফার চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, রাজশাহী।	প্রশাসনিক কর্মকর্তা চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, নওগাঁ।

০২। উপরোল্লিখিত পদোন্নতিপ্রাপ্ত নাজির/হিসাব রক্ষক/রেকর্ড কীপার/স্টেনোগ্রাফারদের সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কর্তৃক মনোনীত কর্মকর্তা/কর্মচারীর নিকট আগামী ০৭-০৭-২০১৯খ্রিঃ তারিখ বর্তমান পদের দায়িত্বভার অর্পণ করে অবিলম্বে পদোন্নতিপ্রাপ্ত কর্মস্থলে যোগদান করার নির্দেশ প্রদান করা হলো।


০৩।

শর্তাবলী :

- (ক) পদোন্নতির এ আদেশ কার্যকর হবার পূর্বে ১৬,০০০-৩৮,৬৪০/- টাকা বা তদুর্ধ্ব স্কেলে বেতন প্রাপ্তদের আহরিত মূল বেতন বহাল রেখে পদোন্নতিপ্রাপ্ত পদে বেতন নির্ধারণ করতে হবে।
- (খ) শিক্ষানবিসি মেয়াদ হবে ০১(এক) বৎসর। নতুন পদে যোগদানের তারিখ থেকে উক্ত বৎসর গণনা শুরু হবে।
- (গ) শিক্ষানবিসি মেয়াদে কাজকর্ম ও আচরণ সন্তোষজনক প্রতীয়মান না হলে বিধি অনুযায়ী শিক্ষানবিসি মেয়াদ সম্প্রসারণ করে সর্বসাকুল্যে ০১ (এক) বছর পর্যন্ত বর্ধিত করা যাবে।
- (ঘ) শিক্ষানবিসি মেয়াদ (বর্ধিত মেয়াদ থাকলে তা সহ) সমাপ্ত হবার পর আচরণ ও কাজকর্ম সন্তোষজনক হলে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটসী ও মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটসীর আদালতসমূহ (সহায়ক কর্মকর্তাও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮ মোতাবেক তাঁদেরকে চাকরিতে স্থায়ী করা হবে।

০৪। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(শেখ হুমায়ূন কবীর)

উপ-সচিব (প্রশাসন-১)

ফোন-৯৫৪০৮৮৬।

নং-১০.০০.০০০০.১২৮.১২.০০১.২০১৭-২৯৫/১(৪৩)

তারিখ : ০২-০৭-২০১৯খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।
 - ০২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
 - ০৩। জেলা জজ, মেহেরপুর/নওগাঁ/কুড়িগ্রাম/ময়মনসিংহ/লালমনিরহাট/গাইবান্ধা/ঠাকুরগাঁও/ শেরপুর/নওগাঁ এবং মহানগর দায়রা জজ, রাজশাহী (উপরোল্লিখিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে আগামী ০৭-০৭-২০১৯খ্রিঃ তারিখ বর্তমান পদ থেকে দায়িত্ব মুক্ত করে অবিলম্বে পদোন্নতিপ্রাপ্ত কর্মস্থলে যোগদান করার আদেশ প্রদানের অনুরোধ করা হলো)।
 - ০৪। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মেহেরপুর/নওগাঁ/কুড়িগ্রাম/ময়মনসিংহ/লালমনিরহাট/ গাইবান্ধা/ঠাকুরগাঁও/শেরপুর/নওগাঁ এবং চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, রাজশাহী (উপরোল্লিখিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে আগামী ০৭-০৭-২০১৯ খ্রিঃ তারিখ বর্তমান পদ থেকে দায়িত্ব মুক্ত করে অবিলম্বে পদোন্নতিপ্রাপ্ত কর্মস্থলে যোগদান করার আদেশ প্রদানের অনুরোধ করা হলো)।
 - ০৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী।
 - ০৬। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
 - ০৭। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
 - ০৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
 - ০৯। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মেহেরপুর/নওগাঁ/কুড়িগ্রাম/ময়মনসিংহ/লালমনিরহাট/গাইবান্ধা/ঠাকুরগাঁও/শেরপুর/নওগাঁ।
 - ১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
 - ১১। জনাব নাজির/হিসাব রক্ষক/রেকর্ড কীপার/সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, (সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কর্তৃক মনোনীত কর্মকর্তা/কর্মচারীর নিকট আগামী ০৭-০৭-২০১৯খ্রিঃ তারিখ বর্তমান পদের দায়িত্বভার অর্পণ করে অবিলম্বে পদোন্নতি প্রাপ্ত কর্মস্থলে যোগদান করবেন)।
- ✓ ১২। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (এ প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধ করা হলো)।


(কাজী মুশফিক মাহবুব রবিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৭৪১৬।